# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 25-07-2025 Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) নারী নির্যাতনের অপরাধে কঠোরতম শাস্তির লক্ষ্যে রাজ্য বিধানসভায় পাশ হওয়া অপরাজিতা বিলে প্রস্তাবিত মৃত্যুদণ্ড সংক্রান্ত ধারা নিয়ে প্রশ্ন তুলেছে রাজভবন।

২) রোজভ্যালির আমানতকারীদের টাকা ফেরানোর জন্য বিচারপতি দিলীপ শেঠের নেতৃত্বাধীন অ্যাসেট ডিসপোজাল কমিটিকে সিবিআই তদন্তের মুখোমুখি হওয়ার নির্দেশ কলকাতা হাইকোর্টের ।

৩) স্কুল সার্ভিস কমিশনের জারি করা নতুন পরীক্ষার বিজ্ঞপ্তির বিষয়ে শীর্ষ আদালত আর কোনোভাবেই হস্তক্ষেপ করতে চায়না বলে, সুপ্রিম কোর্ট স্পষ্ট জানিয়েছে।

৪) নির্বাচন কমিশন শুধুমাত্র সন্দেহজনক ভোটারদের বাছাই করার কাজ করছে বলে বিজেপির দাবি ।

এদিকে, শাসক দল ভোটার তালিকায় কারচুপির অভিযোগ খারিজ করে দিয়েছে।

৫) নিম্নচাপ ও মৌসুমী অক্ষরেখার প্রভাবে দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় আগামী ২৪ ঘণ্টায় ভারী থেকে অতি ভারী বৃষ্টির পূর্বাভাষ দিয়েছে আলিপুর আবহাওয়া দফতর ।

৬) বাংলা, অনূর্ধ্ব ১৬ জাতীয় জুনিয়র ফুটবল প্রতিযোগিতা - ডাক্তার বি সি রায় ট্রফির সেমিফাইনালে ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

নারী নির্যাতনের অপরাধে কঠোরতম শাস্তির লক্ষ্যে রাজ্য বিধানসভায় পাশ হওয়া অপরাজিতা বিল, ২০২৪'-এ প্রস্তাবিত মৃত্যুদণ্ড সংক্রান্ত ধারা নিয়ে রাজভবন প্রশ্ন তুলেছে। রাজ্যপাল ডঃ সি ভি আনন্দ বোস ইতিমধ্যেই এই বিলটি রাষ্ট্রপতির অনুমোদনের জন্য সংরক্ষিত রেখেছেন। রাজভবনের তরফে আজ এক বিবৃতিতে জানানো হয়েছে, কেন্দ্র সরকার 'অপরাজিতা' বিলে প্রস্তাবিত কয়েকটি সংশোধনী নিয়ে ইতিমধ্যেই তাদের পর্যবেক্ষণ রাজভবনকে জানিয়েছে।

'ভারতীয় ন্যায় সংহিতা, ২০২৩'-র ৬৪ নম্বর ধারা সংশোধনের মাধ্যমে ধর্ষণের শাস্তি বাড়িয়ে ১০ বছরের পরিবর্তে যাবজ্জীবন (আজীবনের জন্য) বা মৃত্যুদণ্ডের প্রস্তাব করা হয়েছে। কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক এই সংশোধনীকে অতিরিক্ত কঠোর ও অসামঞ্জস্যপূর্ণ বলে অভিহিত করেছে।এছাড়াও, বিলটিতে ৬৫ নম্বর ধারা বাতিলের প্রস্তাব রয়েছে, যার ফলে ১৬ বছরের নীচে ও ১২ বছরের নীচে ধর্ষণের শাস্তির মধ্যে যে পার্থক্য ছিল, তা মুছে ফেলার কথা বলা হয়েছে। কেন্দ্রের মতে, এমন সংশোধনী শাস্তির মাত্রার ভারসাম্য নষ্ট করবে।

বিলের ৬৬ নম্বর ধারায় ধর্ষণের ফলে নির্যাতিতার মৃত্যু বা 'পারসিসটেন্ট ভেজিটেটিভ স্টেট'-এর ক্ষেত্রে মৃত্যুদণ্ডকে বাধ্যতামূলক করা হয়েছে। স্বরাষ্ট্র মন্ত্রকের পর্যবেক্ষণ, এতে বিচার ব্যবস্থার বিবেচনার স্বাধীনতা লঙ্ঘিত হয়। রাজভবন সূত্রে জানানো হয়েছে, কেন্দ্রের এই সব পর্যবেক্ষণ গুরুত্ব সহকারে বিবেচনা করা হচ্ছে এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে তা উপযুক্ত পদক্ষেপের জন্য পাঠানো হয়েছে ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রোজভ্যালির আমানতকারীদের টাকা ফেরানোর জন্য বিচারপতি দিলীপ শেঠের নেতৃত্বাধীন অ্যাসেট ডিসপোজাল কমিটিকে সিবিআই তদন্তের মুখোমুখি হওয়ার নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট । দুই বিচারপতি রাজর্ষি ভরদ্বাজ ও ঋতব্রত মিত্র-র ডিভিশন বেঞ্চ আজ এব্যাপারে কমিটির যাবতীয় নথিপত্র দেখে ক্ষোভ প্রকাশ করেন।

এই সপ্তাহের মধ্যে রোজভ্যালির যাবতীয় নথি সিবিআই-কে পেশ করার নির্দেশ দিয়েছে। সিবিআই-এর আইজীবী আগামী সপ্তাহের মধ্যে সেই নথি নিয়ে রোজভ্যালির মূল মামলার তদন্ত কতটা এগিয়েছে, তা আদালতে জানাবেন। তারপর হাইকোর্ট প্রাথমিক রিপোর্ট দেবে। আমানতকারীদের আইনজীবী অরিন্দম দাস, আদালতে একথা জানান।

(বাইট – অরিন্দম)

উল্লেখ্য, দিলীপ শেঠ কমিটির রোজভ্যালির টাকা আমানতকারীদের ফেরত না দিয়ে চকলেট গ্রুপ নামে এক সংস্থাকে রোজভ্যালির হোটেল চালানোর দায়িত্ব দিয়েছে বলে অভিযোগ। তার ভিত্তিতেই হাইকোর্টের ক্ষোভ প্রকাশ।

oooooooooooooooooooooooooo

স্কুল সার্ভিস কমিশনের জারি করা নতুন পরীক্ষার বিজ্ঞপ্তির বিষয়ে শীর্ষ আদালত আর কোনোভাবেই হস্তক্ষেপ করতে চায়না বলে, সুপ্রিম কোর্ট স্পষ্ট জানিয়েছে।

OMR শিট প্রকাশের দাবিতে দায়ের হওয়া মামলায় দুই বিচারপতি সঞ্জয় কুমার ও বিচারপতি সূর্য কুমারের বেঞ্চ এই আবেদন বিচার করে নতুন কোনো নির্দেশ জারি করবে না বলে জানিয়ে দিয়েছেন।

উল্লেখ্য, ২০১৬ সালের স্কুল সার্ভিস কমিশনের পরীক্ষায় CBI-এর কাছে থাকা OMR শিট প্রকাশের দাবি জানিয়ে সুপ্রিম কোর্টে মামলা দায়েরের আবেদন জানিয়েছিলেন সুমন বিশ্বাস নামে এক চাকরী প্রার্থী। কিন্তু আদালত মামলা খারিজ করে দেবে বলে জানানোর পরই তিনি এই মামলা প্রত্যাহার করে নেন।

oooooooooooooooooooooo

সেপ্টেম্বরের ৭ ও ১৪ তারিখ SSC-র শিক্ষক নিয়োগ পরীক্ষা হবে। ৭ই সেপ্টেম্বর নবম-দশম এবং ১৪ তারিখ একাদশ-দ্বাদশ শ্রেণীর শিক্ষক নিয়োগ পরীক্ষা হবে। পরীক্ষার ফল প্রকাশিত হবে অক্টোবর মাসের চতুর্থ সপ্তাহে। ইন্টারভিউয়ের সম্ভাব্য সময় নভেম্বর মাসের প্রথম থেকে তৃতীয় সপ্তাহ পর্যন্ত। প্যানেল প্রকাশিত হবে ২৪ শে

নভেম্বর। কাউন্সেলিং শুরু হবে ২৯ শে নভেম্বর থেকে। নবম-দশমে ২৩ হাজার ২১২ এবং একাদশ-দ্বাদশে ১২ হাজার ৫১৪ শূন্যপদে শিক্ষক নিয়োগ করা হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

OBC সংরক্ষণে রাজ্যের নতুন তালিকার উপর 'স্থগিতাদেশে'র সময়সীমা আরো একমাস বাড়িয়েছে কলকাতা হাইকোর্ট। ৩১শে জুলাই থেকে বাড়িয়ে এই সময়সীমা ৩১শে অগাস্ট পর্যন্ত করা হয়েছে। ৬ই অগাস্ট ফের শুনানি হবে এই মামলার।

কলকাতা হাইকোর্টের দুই বিচারপতি তপব্রত চক্রবর্তী ও রাজাশেখর মান্থার ডিভিশন বেঞ্চের স্থগিতাদেশের নির্দেশের বিরুদ্ধে রাজ্য সুপ্রিমকোর্টে আবেদন জানিয়েছে। সেই মামলার আগামী সোমবার শীর্ষ আদালতে শুনানি হবে। সেই কারণে গতকাল রাজ্যের তরফে কলকাতা হাইকোর্টে মামলার শুনানির জন্য সময় চাওয়া হয়। বিচারপতি তপব্রত চক্রবর্তীর ডিভিশন বেঞ্চ রাজ্যের আর্জি মঞ্জুর করেছেন।

উল্লেখ্য, কলকাতা হাইকোর্ট গত ১৭ই জুন তাদের নির্দেশে জানিয়েছিল, ২০১০ সালের আগে যে ৬৬ টি সম্প্রদায় OBC সংরক্ষণের তালিকাতে ছিল তাদেরকে বহাল রেখে ২০১২ সালের আইন অনুযায়ী রাজ্যকে তালিকা তৈরি করতে হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কলকাতার কাঁকুড়গাছিতে বিজেপি কর্মী অভিজিৎ সরকার খুনের ঘটনায় বেলেঘাটার তৃণমূল কংগ্রেস বিধায়ক পরেশ পাল উষ্কানিমূলক মন্তব্য করেছিলেন কিনা, কলকাতা হাইকোর্ট তা সিবিআই-এর কাছে জানতে চেয়েছে। বিচারপতি জয় সেনগুপ্ত আজ এই মামলয়া সিবিআই-এর তদন্তকারী আধিকারিক চার্জশিটে কি লিখেছেন তা

জানতে চান। আগামী মঙ্গলবার আদালতে সিবিআই-কে সেই ভিডিও রেকর্ডিং আদালতেও পেশ করার নির্দেশ দেন।

০০০০০০০০০০০০০০০০০০০০

বিভিন্ন ক্ষেত্রে বঞ্চিতদের যুক্ত মঞ্চ পশ্চিমবঙ্গ বঞ্চিত চাকরিপ্রার্থী, চাকরিজীবী ও চাকরি হারা ঐক্য মঞ্চ আগামী সোমবার নবান্ন অভিযানের ডাক দিয়েছে এবং ওই কর্মসুচি থেকে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির সঙ্গে সাক্ষাৎ করে আলোচনার মাধ্যমে সুষ্ঠু সমাধানের দাবি জানিয়েছে। আলোচনার জন্য মুখ্যমন্ত্রীকে ওইদিন নবান্নে থাকার অনুরোধ জানিয়ে মঞ্চের পক্ষে আজ মুখ্যমন্ত্রীকে ইমেলের মাধ্যমে চিঠি পাঠানো হয়েছে বলে কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে মঞ্চের তরফে জানানো হয়।

মঞ্চের আহ্বায়করা বলেন, দীর্ঘ দিন ধরে তাঁরা বিভিন্ন ভাবে বঞ্চিত হয়েছেন। তাই এবারে মুখ্যমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করে আলোচনার মাধ্যমে সমাধান চাইছেন। ওইদিন মুখ্যমন্ত্রীর সঙ্গে আলোচনায় বসে সুষ্ঠু সমাধান না হওয়া পর্যন্ত নবান্নের সামনে অবস্থান হবে। এই কর্মসুচিতে প্রশাসন যেখানেই বাধা সৃষ্টি করবে সেখানেই শান্তিপূর্ণ অবস্থান চলবে বলে ঐক্য মঞ্চের তরফে জানানো হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

নির্বাচন কমিশন শুধুমাত্র সন্দেহজনক ভোটারদের বাছাই করার কাজ করছে বলে বিজেপি দাবি করেছে। দলের রাজ্য সাধারণ সম্পাদক জগন্নাথ চট্টোপাধ্যায় আজ সাংবাদিকদের প্রশ্নের উত্তরে জানিয়েছেন, ভোটার তালিকা সংশোধনীর জন্য বিহারে যে বিজ্ঞপ্তি জারি হয়েছিল,একই ধরনের বিজ্ঞপ্তি সম্ভবত সারাদেশেই জারি করা হবে। সেই বিজ্ঞপ্তি অনুযায়ী ২০০৩সালের ভোটার তালিকায় যাদের নাম নেই,তারা এদেশে বসবাসের প্রমাণ হিসেবে স্কুলের সার্টিফিকেট,ড্রাইভিং লাইসেন্স, ব্যাংকের পাস বই,জমির দলিল সহ ১১টি নথি দেখিয়ে আবেদন করলে তালিকা থেকে তাদের নাম বাদ যাবে না। এই ১১টি নথি যাদের নেই শুধুমাত্র আধার কার্ড,ভোটার কার্ড রয়েছে

তাদেরকে বাছাই করার কাজ নির্বাচন কমিশন করছে। ওই ১১টি নথি প্রমাণ যাদের রয়েছে তাদের উদ্বেগের কোন কারণ নেই বলে শ্রী চট্টোপাধ্যায় আশ্বাস দিয়েছেন।

(বাইট)

অন্যদিকে দলের জাতীয় এক্সিকিউটিভ কমিটির সদস্য মিঠুন চক্রবর্তী আজ হুগলিতে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে জানিয়েছেন,নির্বাচন কমিশন রাজ্যভিত্তিক ভোটার তালিকা সংশোধনীর যে সিদ্ধান্ত নিয়েছে তা সব রাজ্যকেই মানতে হবে। এই সংশোধনীর ফলে ভুয়ো ভোট বন্ধ হবে।

oooooooooooooooooooooooo

শাসক দল ভোটার তালিকায় কারচুপির অভিযোগ খারিজ করে দিয়েছে। পশ্চিমবঙ্গে কোন রোহিঙ্গা ভোটার নেই বলে রাজ্যের পুর ও নগরোন্নয়নমন্ত্রী মেয়র ফিরহাদ হাকিম স্পষ্ট জানিয়েছেন।

(বাইট – ফিরহাদ)

প্রাক্তন প্রদেশ কংগ্রেসব সভাপতি অধীর রঞ্জন চৌধুরী ভোটার তালিকায় কারচুপির অভিযোগ নিয়েও সরব হয়েছেন।

oooooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী রবিবার, ২৭ তারিখ আকাশবাণীতে “মন-কি-বাত” অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মন-কি-বাতের ১২৪-তম পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর ও তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও “মন-কি-বাত” সম্প্রচারিত হবে। হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।

oooooooooooooooooooooooooooo

উত্তর পশ্চিম বঙ্গোপসাগর এবং সংলগ্ন বাংলাদেশের ওপর ঘনীভূত নিম্নচাপটি পশ্চিমবঙ্গ এবং বাংলাদেশ উপকূল অতিক্রম করেছে। এটি আগামী ২৪ ঘণ্টায় পশ্চিম উত্তর-পশ্চিমে সংলগ্ন উত্তর ওড়িশা এবং ঝাড়খণ্ডের দিকে অগ্রসর হবে।

এদিকে মৌসুমী অক্ষরেখা রাজ্যের বাঁকুড়া এবং কলকাতার ওপর দিয়ে উত্তর-পশ্চিম বঙ্গোপসাগর পর্যন্ত বিস্তৃত রয়েছে। এই দুই-এর প্রভাবে দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় আগামী ২৪ ঘণ্টায় ভারী থেকে অতি ভারী এবং কোথাও কোথাও অত্যন্ত ভারী বৃষ্টির পূর্বাভাষ দিয়েছে আলিপুর আবহাওয়া দফতর । দফতরের পূর্বাঞ্চলীয় প্রধান ডঃ সোমনাথ দত্ত আকাশবাণীকে জানিয়েছেন, বাঁকুড়া, পশ্চিম মেদিনীপুর ও ঝাড়গ্রাম জেলায় আজ লাল সতর্কতা জারি করা হয়েছে।

(বাইট – সোমানাথ)

উপকূলবর্তী এলাকায় ঘণ্টায় ৪০ থেকে ৬০ কিলোমিটার পর্যন্ত বেগে ঝোড়ো হাওয়া বয়ে যেতে পারে। সমুদ্র উত্তাল থাকায় মৎস্যজীবীদের মঙ্গলবার ২৯-শে জুলাই পর্যন্ত সাগরে মাছ ধরতে যেতে নিষেধ করা হয়েছে।

এদিকে, কলকাতায় রাতভর বৃষ্টিতে আমহার্স্ট্রীট, ঠনঠনিয়া কালিবাড়ী, ফিয়ার্স লেন, কলেজ স্ট্রিটের কিছু অংশ, মুক্তারাম বাবু ষ্ট্রীট, উল্টোডাঙ্গা আনডার পাস, সেন্ট্রাল এ্যাভেনিউ- সল্টলেকের বিভিন্ন জায়গায় জল জমে যায়। দ্রুত জমা জল সরানোর জন্য চালু করা হয় পুরসভার সবক'টি নিকাশি পাম্প।

বৌবাজারের মুচিপাড়া এবং গিরিশ পার্ক থানা এলাকায় সকালে দুটি পুরোনো বাড়ি ভেঙে পড়ে। তবে, হতাহতের কোন খবর নেই।

কলকাতায় বিকেল সাড়ে পাঁচটা পর্যন্ত বৃষ্টি হয়েছে ১১২ দশমিক পাঁচ মিলিমিটার। বৃষ্টিতে তাপমাত্রাও কিছুটা কমেছে, কলকাতায় আজ সর্বোচ্চ তাপমাত্রা

ছিল ৩০ দশমিক এক ডিগ্রি সেলসিয়াস। স্বাভাবিকের তুলনায় যা প্রায় আড়াই ডিগ্রী কম।

oooooooooooooooooooooooooo

একটানা বৃষ্টিতে মাটি ভিজে ও স্যাঁতসেতে থাকায় গাঁদা-দোপাটি সহ বিভিন্ন ফুল নষ্ট হয়ে গেছে।

ফলে আসন্ন পুজোর মরশুমে ফুলের সংকট দেখা দিতে পারে বলে সারা বাংলা ফুলচাষী ও ফুল ব্যবসায়ী সমিতি আশঙ্কা প্রকাশ করেছে। একই কারণে বিভিন্ন সাক্-সব্জির ফলনও ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত। ফলে সবজির দামও আকাশ ছোঁয়া।

ফুল ব্যবসায়ী সমিতি এবং কৃষক সংগ্রাম পরিষদের সম্পাদক নারায়ণচন্দ্র নায়েক অবিলম্বে পরিস্থিতি নিরসনে ক্ষতিগ্রস্ত কৃষকদের পাশে দাঁড়ানোর জন্য কেন্দ্র ও রাজ্য সরকারের প্রতি আর্জি জানিয়েছেন। তাঁর অভিযোগ ফুল ও সব্জি অর্থকরি "কৃষি পণ্য" হিসেবে চিহ্নিত না হওয়ায় কৃষকরা শস্য বীমার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছেন।

কৃষকদের যথপোযুক্ত ক্ষতিপূরনের পাশাপাশি ফুল ও সবজিকে কৃষি পণ্য হিসেবে স্বীকৃতিদানেরও দাবি জানিয়েছেন তিনি।

oooooooooooooooooooooo

'কৃষক বন্ধু' প্রকল্পের মাধ্যমে কৃষকদের আয় সুনিশ্চিত করার ফলে বাংলায় কৃষক আত্মহত্যার প্রবণতা কমেছে বলে জানিয়েছেন, রাজ্যের কৃষি মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায় জানিয়েছেন।

কলকাতায় আজ ইন্ডিয়ান চেম্বার অফ কমার্স আয়োজিত 'বেঙ্গল রাইস কনক্লেভে' তিনি বলেন, মধ্যস্বত্বভোগীদের জন্য খুচরো বাজারে বাড়ছে চালের দাম। রাজ্য সরকার 'সুফল বাংলা' স্টলের মাধ্যমে নিয়ন্ত্রিত মূল্যে বিভিন্ন খাদ্য দ্রব্য জনসাধারণের কাছে পৌঁছে দিচ্ছে। খুব তাড়াতাড়ি, চালও কম দামে পৌঁছে দেওয়া সম্ভব হবে বলে উল্লেখ করেন মন্ত্রী।

oooooooooooooooooooo

বাংলা, অনূর্ধ্ব ১৬ জাতীয় জুনিয়র ফুটবল প্রতিযোগিতা - ডাক্তার বি সি রায় ট্রফির সেমিফাইনালে উঠেছে ।

অমৃতসরে গ্রুপ লিগের শেষ ম্যাচে আজ বাংলা,কেরলকে ৪-১ গোলে হারিয়ে দিয়েছে। হ্যাটট্রিক করেছেন রাজদীপ পাল। অন্য গোলটি দুর্গেশ তেওয়ারির।

এই জয়ের ফলে টানা তিন ম্যাচ জিতে গ্রুপ ৯ পয়েন্ট নিয়ে গ্রুপ শীর্ষে থেকে শেষ চারে পৌঁছল বাংলা।

oooooooooooooooooooooo

oooooooooooooooooooooooo